

উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।

পল্লী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী


সভাপতি : জনাব মোঃ জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।  
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
সভার তারিখ : ১৫/০৬/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা পল্লী উন্নয়ন ও সদস্য সচিব কে পাংশা উপজেলায় পল্লী উন্নয়ন বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>অদ্যকার সভায় উপজেরা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। সভায় আলোচনার প্রাক্কালে সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানান এবং আলোচ্য সূচি মোতাবেক আলোচনা শুরু করার জন্য সভার সদস্য সচিব কে অনুরোধ করেন।</p> <p>১নং আলোচ্য সূচি মোতাবেক ইউআরডিও ও সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর শুনানী শেষে কোন প্রকার সংশোধনী ছাড়াই দৃঢ়করণ হয়।</p> <p>২নং আলোচ্য সূচি মোতাবেক ইউআরডিও সভায় উপস্থাপন করেন যে, কু-ঋণ আবলোপন প্রসঙ্গে ০১টি দলের সদস্যের পক্ষ থেকে আবেদন এসেছে। সভাপতি আবেদন সম্পর্কে জানতে চাইলে সভার সদস্য ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব জাহানারা মন্ডল জানান যে, তাঁর তদারকি রকভুক্ত এক জন সদস্য গত ১৩/১২/২০২০খ্রিঃ তারিখে যক্ষা রোগে আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। পরিবারের এমন কোন স্থাবর/অস্থাবর সম্পদ, সম্পত্তি নাই যা দ্বারা উক্ত সদস্যের নামে বর্তমানে পাওনা টাকা পরিশোধ করা সম্ভব। ঋণ আবেদনে যে তথ্য পাওয়া যায় তা নিম্নে উল্লেখ করা হলো। আলোচনাঃ সাংগঠনিক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় দল গঠনে উপজেলার লক্ষ্যমাত্রা ০১টি অর্জিত হওয়ায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। এছাড়া নিম্নলিখিত দল সমূহকে সচল করা নতুবা বাতিল করার বিষয়ে আলোচনা হয়। আলোচনাতে প্রত্যেক মাঠ সংগঠককে ০১টি করে নিম্নলিখিত দলকে স্বক্রিয় করার পরামর্শ দেওয়া হয়।</p> <p>সিদ্ধান্তঃ</p> <p>০১। বাতিলযোগ্য দলের বাতিলের প্রস্তাব জেলা দপ্তরে প্রেরণ করবে হবে।</p> <p>০২। পূর্বের বকেয়াসহ চলতি মাসের লক্ষ্যমাত্রা অনুযায়ী সদস্য ভর্তি নিশ্চিত করতে হবে।</p> <p>০৩। সক্রিয় সদস্য সংখ্যা বাড়াতে হবে।</p> <p>০৪। প্রতি মাঠ সংগঠকের জন্য কমপক্ষে ২০ টি দল এবং প্রতিটি দলে কমপক্ষে ১৫জন সদস্যসহ ৪০০জন সদস্য থাকতে হবে।</p> <p>সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।</p>	<p>১। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও গতিশীল করতে হবে।</p> <p>২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ জালাল উদ্দিন বিশ্বাস)  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, পাংশা।

তারিখ: ১৫/০৬/২০২২খ্রিঃ।

স্মারক নং- স্মারক নং : ৪৭.৬২.৮২৭৩.০০০.০২.০৪০.১১.

অনুলিপিঃ সদস্য জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, পাংশা, উপজেলা কমান্ড রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।

  
উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয়  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পাংশা, রাজবাড়ী।